দর্শনা বন্দর পরিদর্শনে ভারতীয় সহকারী হাইকমিশনার মনোজ কুমার

চুয়াডাঙ্গার দর্শনা আন্তজার্তিক চেকপোষ্ট দিয়ে শিঘ্রই বাংলাদেশ ও ভারতের মধ্যে যাতায়াত ব্যবস্থা চালু করা হবে বলে জানিয়েছেন ভারতীয় সহকারী হাইকমিশনার বাংলাদেশে নিযুক্ত মনোজ কুমার।

তিনি দর্শনা আন্তজার্তিক চেকপোষ্টে পৌছালে তাকে ফুলেল শুভাচ্ছা জানান উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা খাতুন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর, দর্শনা ইমিগ্রেশনের ইনচার্জ এসআই নাইম শেখ ও দর্শনা পৌর মুক্তিযোদ্ধা কমান্ড বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম ও দর্শনা পৌর প্রবীন কমিটির সভাপতি অবসরপ্রাপ্ত অধ্যক্ষ মোশারফ হোসেন।

এসময় তিনি বলেন, ‘আমি দর্শনা স্থলবন্দর চেকপোস্টের সব কিছু পরিদর্শন করলাম। এখানে কর্মকর্তাদের সঙ্গে কথা বলেছি। সবার মতামত নিয়েছি। খুব শিঘ্রই এ বন্দর দিয়ে যাতায়াত চালুর জন্য ব্যবস্থা নেওয়া হবে।’ শনিবার দুপুর ১২ টার দিকে দর্শনা স্থলবন্দর চেকপোস্ট পরিদর্শন করেন মনোজ কুমার। এর পর দর্শনা বন্দরের ইমিগ্রেশন ও কাস্টম অফিস পরিদর্শন করেন তিনি। দর্শনা বন্দর পরিদর্শনের আগে কুষ্টিয়াতে ভারতীয় ভিসা সেন্টারের জন্য নির্ধারিত স্থান পরিদর্শন করেন সহকারী হাইকমিশনার মনোজ কুমার।

এ ভিসা সেন্টারটি কুষ্টিয়া, পাবনা, ঝিনাইদহ, মেহেরপুর, চুয়াডাঙ্গাসহ এ অঞ্চলের মানুষের জন্য নির্মিত হচ্ছে। এ সেন্টারটি চালু হলে ভারতীয় ভিসার জন্য এ অঞ্চলের মানুষকে আর রাজশাহীতে যেতে হবে না বলেও জানান তিনি। দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু জানান, হাইকমিশনার দর্শনা বন্দর দিয়ে দুদেশের মধ্যে যাতায়াত চালু করার কথা দিয়েছেন। এ জন্য তিনি পরিদর্শন করেছেন। বন্দর পরিদর্শন শেষে সহকারী হাইকমিশনার মেহেরপুরের উদ্দেশে রওনা দেন।

সহকারী হাইকমিশন মনোজ কুমারের সঙ্গে উপস্থিত ছিলেন, তিনার সহধর্মিনী রোজী কুমার ও অফিসিয়াল কর্মকর্তা পাপন রায়। এ সময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর

বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা খাতুন, অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মুন্না বিশ্বাস, দর্শনা পৌরসভার প্যানেল মেয়র রবিউল হক সুমন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর, বিজিবির আইসিপি কমান্ডার আব্দুল জলিল, ইমিগ্রেশন ইনচার্জ এসআই নাঈম শেখ, কাস্টম কর্মকর্তা নাজমুল হক ও রাশেদুজ্জামান।

পরিদর্শন শেষে বৈধ পথে সহকারী হাই কমিশনার মনোজ কুমারসহ তিন সদস্যর একটি প্রতিনিধি দল দর্শনা চেকপোষ্ট দিয়ে ভারতে যান।এর ১ ঘন্টা পরে ভারত থেকে আবার দর্শনা চেকপোষ্ট দিয়ে ফিরে আসেন।